



মোস্তাফিজকে বাদ দিয়ে ভারতে খেলতে প্রস্তাব আইসিসির



সংগৃহীত ছবি

ভারতে আসন্ন টি টোয়েন্টি বিশ্বকাপ নিয়ে বাংলাদেশ এখনো নিরাপত্তা নিয়ে উদ্দিগ্ন। বিসিবি চাইছে ম্যাচগুলো অন্য দেশে সরাতে, তবে আইসিসি সে প্রস্তাবে সাড়া দেয়নি।

যুব ও ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুল জানান, আইসিসির সিকিউরিটি টিম এক চিঠিতে তিনটি ঝুঁকির কথা বলেছে। সেগুলো হলো দলে মোস্তাফিজুর রহমানের থাকা, বাংলাদেশের সমর্থকদের জাতীয় জার্সি পরা এবং ভারতের আসন্ন নির্বাচন। এসব কারণে নাকি দলের নিরাপত্তা বাড়তি ঝুঁকিতে পড়বে।

চিঠিতে ইঙ্গিত দেওয়া হয়েছে, মোস্তাফিজকে দলে না রাখলে ঝুঁকি কমবে। কিন্তু সরকার এই ধরনের শর্ত মানতে নারাজ। ড. আসিফ নজরুল বলেন, সেরা খেলোয়াড় বাদ দিয়ে বা সমর্থকদের পরিচয় লুকিয়ে খেলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

বাংলাদেশের অবস্থান স্পষ্ট, ভারতের বাইরে শ্রীলঙ্কা, পাকিস্তান বা সংযুক্ত আরব আমিরাত ম্যাচ আয়োজন করতে হবে। তাদের মতে, বর্তমান পরিস্থিতিতে ভারতের কোনো ভেন্যুই বাংলাদেশের জন্য নিরাপদ নয়।